দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 19 JUL 2016 ...
পৃষ্ঠা ...২... কলাম ...৫ ......

# প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনীর সংশোধিত রুটিন প্রকাশ

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ২০ নভেম্বর অনুষ্ঠিতব্য প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার সংশোধিত রুটিন প্রকাশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গতকাল সোমবার ঘোষিত রুটিনে ইবতেদায়ি শিক্ষার বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান বিষয়ের পরীক্ষার কোনো সময়সূচি ছিল না। নতুন রুটিনে ওই পরীক্ষা হবে ২২ নভেম্বর মঙ্গলবার।

প্রাথমিক শিক্ষা সমাপনীর রুটিন অনুসারে ২০ নভেম্বর ইংরেজি, ২১ নভেম্বর বাংলা, ২২ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৩ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৪ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা ও ২৭ নভেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ইবতেদায়ি শিক্ষার রুটিন অনুসারে ২০ নভেম্বর ইংরেজি, ২১ নভেম্বর বাংলা, ২২ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান, ২৩ নভেম্বর আরবি, ২৪ নভেম্বর কুরআন মাজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ্ ও ২৭ নভেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকল পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১টা ৩০ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হবে।